রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

মঙ্গলবার, আগস্ট ২০, ১৯৮৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পূর্ত মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

**ঢাকা, ২০শে আগস্ট ১৯৮৫**

**নং এস, আর, ও, ৩৭৬-এল/৮৫**—১৯৮২ সালের ২৪শে মার্চের ঘোষণা মোতাবেক এবং তদুদ্দেশ্যে অর্পিত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, বাংলাদেশ কর্ম কমিশনের সাথে পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

## পূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ কমিশনার, পত্তন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধি, ১৯৮৫

১। **সংক্ষিপ্ত শিরোনামাঃ**—এই বিধিমালা পূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ কমিশনার, পত্তন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধি, ১৯৮৫ নামে অবহিত হইবে।

২। **সংজ্ঞাসমূহ**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) 'কমিশন' বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে ;

(খ) 'তফসিল' বলিতে বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে ;

(গ) 'নিয়োগকারী কর্তৃপক্ষ' বলিতে সরকার বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে ;

(ঘ) 'নির্দিষ্ট পদ' বলিতে তফসিলে উল্লিখিত পদ বুঝাইবে ;

(ঙ) 'প্রয়োজনীয় যোগ্যতা' বলিতে তফসিলে বর্ণিত নির্দিষ্ট পদের যোগ্যতা বুঝাইবে ;

(চ) 'শিক্ষানবিস' বলিতে নির্দিষ্ট পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে ;



মূল্য : ৬০ পয়সা।

(ছ) 'স্বীকৃতি প্রাপ্ত বিশ্ববিদ্যালয়' বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই বিধি উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় ইহার অন্তর্ভুক্ত হইবে ; এবং

(জ) 'স্বীকৃত বোর্ড' বলিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বুঝাইবে এবং এই বিধি উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতিঃ**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন নির্দিষ্ট পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবেঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে,

(খ) পদোন্নতির মাধ্যমে, অথবা

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগ ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়ঃ

শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে সাময়িক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগঃ**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডমিসাইলড না হনঃ

তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না।

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য পরিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগ এবং এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা নির্দিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৫) পদোন্নতির মাধ্যমে নিয়োগঃ—

(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

শর্ত থাকে যে, উচ্চতর শ্রেণীর নির্দিষ্ট পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(খ) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিসীঃ—

(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নির্দিষ্ট পদের নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসী স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসীর মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষঃ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসদের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসীর মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন, এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

| ক্রমিক নং। | নির্দিষ্ট পদের নাম। | সরকারী নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা। | নিয়োগ পদ্ধতি। | যোগ্যতা ও অভিজ্ঞতা। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | উপ-কমিশনার, পত্তন .. | .. | বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন: প্রশাসন) হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | .. |
| ২ | আইন অফিসার .. | .. | বাংলাদেশ সিভিল সার্ভিস (বিচার) হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | .. |
| ৩ | শাখা প্রধান, আইন কোষ | .. | বাংলাদেশ সিভিল সার্ভিস (বিচার) হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | .. |
| ৪ | সহকারী কমিশনার, পত্তন | .. | (১) ৩৩⅓% পদোন্নতির মাধ্যমে<br>(২) ৬৬⅔% বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য প্রশাসনিক কর্মকর্তা পদে ৭ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৫ | প্রশাসনিক কর্মকর্তা (হাউজিং এষ্টেট)। .. | ২৫ বৎসর | (১) ২৫% প্রধান সহকারী/উচ্চমান সহকারী/হিসাব রক্ষক ও সাঁট-লিপিকার (কমিশনার, পত্তন দপ্তর) এবং<br>(২) ২৫% উচ্চমান সহকারী (কমিশনার, পত্তন দপ্তর)/প্রধান সহকারী/উচ্চমান সহকারী/হিসাব রক্ষক (হাউজিং এষ্টেট) হইতে পদোন্নতির মাধ্যমে। | (১) কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা।<br>(২) কমপক্ষে ৭ বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (৩) ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে | (৩) কমপক্ষে স্নাতক ডিগ্রী। প্রশাসনিক কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬ | (১) প্রধান সহকারী .. | .. | উচ্চমান সহকারী হইতে নিয়োগ দ্বারা। | |
| | (২) উচ্চমান সহকারী .. (কমিশনার, পত্তন দপ্তর)। | .. | সরকার কর্তৃক জারীকৃত নিয়োগবিধি অনুযায়ী। | |
| ৭ | (১) প্রধান সহকারী .. | .. | উচ্চমান সহকারী হইতে নিয়োগ দ্বারা। | |
| | (২) উচ্চমান সহকারী-কাম-হিসাব রক্ষক (কমিশনার, পত্তন দপ্তর)। | .. | সরকার কর্তৃক জারীকৃত নিয়োগবিধি অনুযায়ী। | |
| ৮ | (১) প্রধান সহকারী .. | .. | উচ্চমান সহকারী হইতে নিয়োগ দ্বারা। | |
| | (২) উচ্চমান সহকারী .. (হাউজিং এষ্টেট)। | .. | সরকার কর্তৃক জারীকৃত নিয়োগবিধি অনুযায়ী। | |
| ৯ | হিসাব রক্ষক (কমিশনার, পত্তন দপ্তর)। | .. | (১) পদোন্নতির মাধ্যমে যোগ্য ব্যাক্তি না পাওয়া গেলে অন্য অফিস হইতে (প্রেষণে আনা যাইবে) | (ক) হিসাব রক্ষক (হাউজিং এষ্টেট এবং হিসাব সহকারী (কমিশনার, পত্তন দপ্তর) পদে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১০ | হিসাব রক্ষক .. (হাউজিং এষ্টেট) | ২৫ বৎসর | (১) ৬৬⅔% পদোন্নতির মাধ্যমে | (ক) হিসাব সহকারী/ক্যাশিয়ার পদে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| | | | (২) ৩৩⅓% সরাসরি নিয়োগের মাধ্যমে | (খ) কমপক্ষে কমার্স গ্রাজুয়েট। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১ | সাঁট-লিপিকার .. | .. | সরকার কর্তৃক জারীকৃত নিয়োগবিধি অনুযায়ী। | |
| ১২ | সাঁট-মুদ্রাক্ষরিক .. | .. | সরকার কর্তৃক জারীকৃত নিয়োগবিধি অনুযায়ী। | |
| ১৩ | পরিদর্শক (হাউজিং এষ্টেট) | .. | (১) ৭৫% পদোন্নতির মাধ্যমে | (ক) খাজনা আদায়কারী পদে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| | | | (২) ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে | (খ) কমপক্ষে স্নাতক পাশ হইতে হইবে। |
| ১৪ | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক। | .. | সরকার কর্তৃক জারীকৃত নিয়োগবিধি অনুযায়ী। | |
| ১৫ | হিসাব সহকারী .. | ১৮ হইতে ২৫ বৎসর | (১) সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কমপক্ষে এইচ, এস, সি, পাশ ও হিসাব রক্ষণের কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৬ | ক্যাসিয়ার .. | ১৮ হইতে ২৫ বৎসর | (১) সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কমপক্ষে এইচ, এস, সি, পাশ ও ক্যাশ পরিচালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। বিধি অনুযায়ী জামানত জমা দিতে হইবে। |
| ১৭ | খাজনা আদায়কারী .. | ১৮ হইতে ২৫ বৎসর | (১) সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কমপক্ষে এইচ, এস, সি, পাশ। |
| ১৮ | ড্রাইভার .. .. | ১৮ হইতে ২৫ বৎসর | (১) সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কমপক্ষে ৮ম শ্রেণী পর্যন্ত পড়া ও লাইসেন্সধারী মটর ড্রাইভার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | হিসাবে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৯ | রেকর্ড-কিপার .. | .. | (১) পদোন্নতির মাধ্যমে | (ক) দপ্তরী পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২০ | দপ্তরী .. | .. | (১) পদোন্নতির মাধ্যমে | (ক) এম, এল, এস, এস, পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২১ | এম, এল, এস, এস, .. | ১৮ হইতে ২৫ বৎসর | (১) সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কমপক্ষে ৮ম শ্রেণী পর্যন্ত পড়া ও বাইসাইকেল চালানোর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২২ | গার্ড (হাউজিং এষ্টেট) .. | ১৮ হইতে ২৫ বৎসর | (১) সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কমপক্ষে ৮ম শ্রেণী পর্যন্ত পড়া ও সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ২৩ | ঝাড়ুদার .. | .. ১৮ হইতে ২৫ বৎসর | (১) সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) ঝাড়ু দেওয়ার কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আইয়ুবুর রহমান**
সচিব।

খন্দকার ওবায়দুল মোক্তাদের, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মতিন সরকার, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা,
কর্তৃক প্রকাশিত।